রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ৬, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রপতির সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ই আষাঢ় ১৩৯৮/৩০শে জুন ১৯৯১

এসআরও নং ১৯৫-আইন/৯১/১/নানিঅ—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন) এর ধারা ৫৫ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার আভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬ই জুন, ১৯৮৮ইং মোতাবেক ৩রা আষাঢ়, ১৩৯৫ বাং তারিখের প্রজ্ঞাপন নং এসআরও ১৬৮-আইন/৮৮/এনএওএল রহিত করিয়া নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :

১। এই বিধিমালা এ্যালকোহল নিয়ন্ত্রণ (লাইসেন্স ফিস) বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "বিলাতী মদ" বা "Foreign liquor" অর্থ—

(১) হুইস্কি, ব্রাণ্ডি, জিন, ভদকা, মল্ট, রাম, লিকিওর, বিটার, ২০% বা ততোধিক প্রুফ স্পিরিটের সম পরিমাণ এলকোহল সম্পন্ন মেডিকেটেড ওয়াইন সহ ওয়াইন, সাইডার, পেরী এবং বিয়ার এবং উপরিউক্ত দুই বা ততোধিক লিকারের কোন মিশ্রণ, যাহা :—

(ক) বাংলাদেশে আমদানী করা হইয়াছে এবং আমদানীকালে Customs Act. 1969 (IV of 1969) এর অধীনে শুল্ক আরোপযোগ্য ছিল, অথবা

(খ) বাংলাদেশে উৎপাদিত হইয়াছে, এবং



মূল্য : টাকা ২.০০

(২) সরকার বা সরকারের কর্তৃত্বাধীনে প্রদত্ত লাইসেন্সের অধীনে দেশে উৎপাদিত যে কোন মদ্য জাতীয় পানীয় যাহা বর্ণ অথবা ঘ্রাণে হুইস্কি ব্রান্ডি, জিন, ভদকা, মল্ট, রাম, লিকিওর বা বিটার এর সদৃশ্য এবং সমপর্যায় ভুক্ত অথবা উক্তরূপ অন্য যে কোন পানীয়।

(খ) "দেশী মদ" বা "Country liquor" অর্থ বাংলাদেশে প্রস্তুত যে কোন স্পিরিট যাহার উৎপাদনে গুড়, চিটাগুড়, চাউল অথবা মহুয়া মৌল উপাদান হিসাবে ব্যবহার করা হইয়াছে;

(গ) "রেক্টিফাইড স্পিরিট" বা "Rectified spirit" অর্থ যে কোন স্পিরিট যাহার শক্তি অন্যুন ৪০ ডিগ্রী ওভার প্রুফ;

(ঘ) "ডিনেচার্ড স্পিরিট" বা "Denatured spirit" অর্থ পানের অযোগ্য করার উদ্দেশ্যে পিরিডিন ও অন্যান্য রাসায়নিক ডিনেচার্ডেন্ট ( Denatuıant ) মিশ্রিত সাধারণ স্পিরিট;

(ঙ) "প্রুফ" অর্থ এ্যালকোহলের ওজন প্রুফ মাত্র বা ১৬·৫৬ সেলসিয়াস তাপমাত্রায় শতকরা ৫৭·২৮ ভাগ আয়তন অনুপাতে খাঁটি স্পিরিটের উপস্থিতি সম্পন্ন জলীয় দ্রবনের স্পিরিটমান;

(চ) "লাইসেন্সধারী কেমিষ্ট" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক এর অনুমোদনক্রমে মেডিকেটেড ওয়াইন (Medicated wine) বিক্রয়ের জন্য লাইসেন্সপ্রাপ্ত যে কোন কেমিষ্ট, ড্রাগিষ্ট অথবা ডিসপেনসারীর মালিক;

(ছ) "লাইসেন্স প্রাপ্ত ডিলার" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক অনুমোদিত কোন ব্যক্তি যিনি অন্য কোন লাইসেন্সপ্রাপ্ত ডিলার অথবা লাইসেন্সপ্রাপ্ত কেমিষ্ট অথবা বিলেতী মদ বিক্রয়ের জন্য অনুমোদিত যে কোন ব্যক্তির নিকট মেডিকেটেড ওয়াইন বিক্রয়ের জন্য লাইসেন্স প্রাপ্ত।

৩। বিলাতী মদের কম্পাউন্ডিং, ব্লেন্ডিং, বোটলিং এবং পাইকারী বিক্রয়ের জন্য গৃহীত প্রত্যেক লাইসেন্সের জন্য প্রতি অর্থ বৎসরে নিম্নরূপ হারে অগ্রীম ফিস প্রদান করিতে হইবে, যথা :

| | | টাকা |
|---|---|---|
| (ক) কম্পাউন্ডিং ও ব্লেন্ডিং লাইসেন্সের জন্য | .. | ৪৫০০.০০ |
| (খ) বোটলিং লাইসেন্সের জন্য | .. | ৭৫০.০০ |
| (গ) পাইকারী বিক্রয়ের লাইসেন্সের জন্য | .. | ৬০০০.০০ |

৪। নিম্নের টেবিল এর কলাম (১) এ বর্ণিত লাইসেন্সের জন্য প্রতি অর্থ বৎসরে উক্ত টেবিলের কলাম (২) এ বর্ণিত হারে অগ্রীম ফিস প্রদান করিতে হইবে :

টেবিল

| লাইসেন্সের বিবরণ | ফিসের হার |
|---|---|
| | টাকা |
| (১) জনসাধারণ কর্তৃক পাটা চৌহদ্দি (লাইসেন্সে বর্ণিত এলাকা) এর বাহিরে সেবনের জন্য বিলাতী মদ বিক্রয়ের লাইসেন্স ('অফ' লাইসেন্স) .. | ২,৫০০.০০ |

| লাইসেন্সের বিবরণ | | ফিসের হার |
|---|---|---|
| | | টাকা |
| (২) | হোটেল, রেস্তোরাঁ, হোটেল-কাম-রেস্তোরাঁ, নাট্যশালা, প্রেক্ষাগৃহ এবং আমোদ-প্রমোদের স্থায়ী স্থানে স্থাপিত বার এ জনসাধারণ কর্তৃক সেবনের উদ্দেশ্যে বিলাতী মদ বিক্রয়ের লাইসেন্স ('অন' লাইসেন্স)। | ২,৫০০.০০ |
| (৩) | হোটেলে বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ২,৫০০.০০ |
| (৪) | রেস্তোরাঁয় বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ২,৫০০.০০ |
| (৫) | হোটেল-কাম-রেস্তোরাঁয় স্থাপিত বার এ বিলাতী মদ বিক্রয়ের লাইসেন্স | ২,৫০০.০০ |
| (৬) | নাট্যশালা, সিনেমা অথবা আমোদ-প্রমোদের জন্য যে কোন স্থানে স্থাপিত বার এ বিলাতী মদ বিক্রয়ের লাইসেন্স। | ২,৫০০.০০ |
| (৭) | রেলওয়ে রিফ্রেশমেন্ট রুমে বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ২,৫০০.০০ |
| (৮) | রেলওয়ে ডাইনিং কার, স্টীমার অথবা ডাকবাংলোয় বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স | ২,৫০০.০০ |
| (৯) | ক্লাব, মেস অথবা সমপর্যায়ের অন্য কোন প্রতিষ্ঠানে বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স। | ২,৫০০.০০ |
| (১০) | সামরিক ক্যেন্টিনে বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ২,৫০০.০০ |
| (১১) | লাইসেন্স প্রাপ্ত ডিলার কর্তৃক মেডিকেটেড ওয়াইন পাইকারী বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ২,৫০০.০০ |
| (১২) | লাইসেন্সপ্রাপ্ত কেমিষ্ট কর্তৃক মেডিকেটেড ওয়াইন খুচরা বিক্রয়ের জন্য লাইসেন্স : | |
| | (ক) পৌর এলাকায় .. .. | ১,১২৫.০০ |
| | (খ) অন্যান্য এলাকায় .. .. .. | ৭৫০.০০ |
| (১৩) | অনুমোদিত এ্যালোপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক রেক্টিফাইড স্পিরিট মজুদ রাখার লাইসেন্স .. | ২,৫০০.০০ |
| (১৪) | হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের উদ্দেশ্যে রেক্টিফাইড স্পিরিট মজুদ রাখার লাইসেন্স। | ৫৫০.০০ |
| (১৫) | শিল্পে ব্যবহৃত রেক্টিফাইড স্পিরিট মজুদ রাখার লাইসেন্স .. | ৭০০.০০ |
| (১৬) | ডিনেচার্ড স্পিরিট পাইকারী বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ২,৫০০,০০ |
| (১৭) | ডিনেচার্ড স্পিরিট খুচরা বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ৭৫০.০০ |
| (১৮) | ব্যবসার উদ্দেশ্যে ব্যক্তি গত মজুদের জন্য নির্ধারিত পরিমাণের অতিরিক্ত ডিনেচার্ড স্পিরিট মজুদ রাখার লাইসেন্স | ৩০০.০০ |

| লাইসেন্সের বিবরণ | ফিসের হার |
|---|---|
| | টাকা |
| (১৯) হোমিও মাদার টিংচার উৎপাদনের জন্য রেক্টিফাইড স্পিরিট মজুদ রাখার লাইসেন্স | ২,৫০০.০০ |
| (২০) দেশী মদ মজুদ ও জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য লাইসেন্স | |
| (ক) পৌর এলাকায় .. .. .. | ২,৫০০.০০ |
| (খ) অন্যান্য এলাকায় .. .. .. | ২,৫০০.০০ |

৫। এই বিধিমালা ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাং মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ রফিকুল ইসলাম
পরিচালক।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।